গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

**১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ, বেলা ১২.৩০ টায় |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ |

সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহিদ, নির্যাতিতা ০২ লক্ষ মা-বোন, ১৫ই আগস্ট ১৯৭৫ সালে ঘাতকের বুলেটে নির্মমভাবে শাহাদৎ বরণকারী সকল শহিদ এবং শহিদ জাতীয় চার নেতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভায় সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর সভাপতি ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন)'কে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপনের লক্ষ্যে ০৫ মার্চ ২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের নিমিত্ত বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণসহ এ বছর দিবসটির প্রতিপাদ্য নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে
আনব হাসি সবার ঘরে"

০২. সভায় আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে শিশুবান্ধব বিভিন্ন কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩. বিস্তারিত আলোচনার পর আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | ১৭ মার্চ ২০২৪ তারিখ প্রভাতে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানির প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ (২০২৩ সালে সংশোধিত) অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ২. | এ বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানির প্রধানগণের সমন্বয়ে সচিব মহোদয়ের নেতৃত্বে ১৭ মার্চ ২০২৪ তারিখে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। উল্লিখিত কর্মকর্তাগণকে ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ৯.০০ টায় শেখ রাসেল স্কয়ারে লাজ ফার্মার বিপরীত পাশে উপস্থিত থাকতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৩. | পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে ১০'x৩' সাইজের র‍্যালী ব্যানার ও ৩২" সাইজের রাউন্ড পুষ্পস্তবক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে এবং ব্যানারে প্রতিপাদ্য উল্লেখ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৪. | ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি এবং তাদের আওতাধীন সকল অফিস ভবনে জাতীয় শিশু দিবসের আলোকে ও প্রতিপাদ্য উল্লেখপূর্বক প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। তেজগাঁওস্থ সওজ এর প্রধান কার্যালয় এবং এলেনবাড়িস্থ সওজ এর ঢাকা জোন কার্যালয় ভবনের দৃশ্যমান স্থানে ড্রপডাউন ব্যানার স্থাপন করতে হবে। এ বিভাগের উদ্যোগে ৭নং ভবনের উত্তর ও দক্ষিণ পাশে ০২টি ড্রপডাউন ব্যানার এবং ০৬টি স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি,বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় ৫০ জন এতিম/পথশিশুদের নিয়ে মতিঝিল স্টেশন থেকে উত্তরা স্টেশন পর্যন্ত মেট্রোরেল ভ্রমণের ব্যবস্থা করতে হবে। মেট্রোরেল ভ্রমণের টিকেট ডিএমটিসিএল সরবরাহ করব। মেট্রোরেল ভ্রমণ শেষে বিআরটিসি'র দ্বীতল বাসযোগে উত্তরা স্টেশন থেকে মতিঝিল হয়ে শিশুদের স্ব স্ব প্রতিষ্ঠানে পৌছে দিতে হবে। বিআরটিসির বাসটি দৃষ্টিনন্দনভাবে সুসজ্জিত (ব্র্যান্ডিং) করতে হবে। এ অনুষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক টি-শার্ট, ক্যাপ ও প্ল্যাকার্ড ডিটিসিএ ও ঢাকা বিআরটি সরবরাহ করবে। নাস্তা/খাবারের প্যাকেট সওজ অধিদপ্তর সরবরাহ করবে। উক্ত অনুষ্ঠানটি বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে। উক্ত অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:<br><br>১. জনাব নীলিমা আখতার, অতিরিক্ত সচিব - আহবায়ক<br>২. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব, ডিএমটিসিএল - সদস্য<br>৩. ড. অনুপম সাহা, পরিচালক (অর্থ, হিসাব ও অপারেশন), বিআরটিসি - সদস্য<br>৪. জনাব মেরীনা নাজনীন, যুগ্মসচিব (বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ও রক্ষণা:) - সদস্য<br>৫. জনাব নাজনীন ওয়ারেস, যুগ্মসচিব (এমআরটি) - সদস্য<br>৬. জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক, পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ - সদস্য<br>৭. জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ<br>৮. জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া, উপসচিব (প্রশাসন) - সদস্য<br>৯. জনাব মোঃ নাজমুল হক, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ - সদস্য<br>১০. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি - সদস্য<br>১১. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য-সচিব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৬. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও জেলা কার্যালয় এবং ঢাকা সিটি কর্পোরেশনের আওতা বহির্ভুত সড়ক হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক্সপ্রেসওয়ে (ঢাকা-পদ্মা সেতু-ভাঙ্গা ইন্টারসেকশন), ভাঙ্গা ইন্টারসেকশন হতে টুঙ্গিপাড়া পর্যন্ত সড়কসহ অন্যান্য স্থাপনায় ও মেট্রোরেল স্টেশনসমূহে জাতীয় শিশু দিবসের আলোকে ও প্রতিপাদ্য উল্লেখপূর্বক ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রঙ্গিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। এছাড়া এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবন এবং গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ |
| ৭. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ১৭ মার্চ ২০২৪ তারিখে দিনব্যাপী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের করিডোরে স্থাপিত ডিসপ্লেতে, ডিএমটিসিএল এর অফিসসহ এমআরটি লাইন-৬ এর সকল স্টেশন এবং সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিএ, বিআরটিসি ও ঢাকা বিআরটি'র বিভিন্ন স্থানে স্থাপিত ডিসপ্লে বোর্ডে বঙ্গবন্ধুর জীবনী বিষয়ক ডকুমেন্টারি প্রচার করতে হবে। | আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি ও মাঠ পর্যায়ের অফিসসমূহ |
| ৮. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/ জেলা কার্যালয়ের উদ্যোগে আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। বিশেষ মোনাজাত ও প্রার্থনায় উপস্থিত ব্যক্তিসহ দরিদ্র জনগোষ্ঠির মধ্যে নাস্তা/খাবারের প্যাকেট বিতরণ করা যেতে পারে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৯. | আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখে প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তাগণকে ব্যানারসহ উপস্থিত থাকতে হবে। স্থানীয় কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | সওজ অধিদপ্তর, বিআরটিসি, বিআরটিএ |

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
১১.৩.২০২৪
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.২৪-৩২৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
০৭. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৯. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা
১০. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা
১১. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
১২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৪. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
১৬. ড. অনুপম সাহা, পরিচালক (অর্থ, হিসাব ও অপারেশন), বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা
১৭. জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক, পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
১৮. জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৯. জনাব মোঃ নাজমুল হক, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা
২০. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা
২১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২৪. সিনিয়র তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

১২.০৩.২০২৪

মোঃ দেলোয়ার হোসেন
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.২৩.০৬০.০৭(৬ষ্ঠ খন্ড)- ২৮৬ তারিখঃ ১৮|০৩|২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রশাসন শাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.২৪-৩২৭ তারিখ ১২ মার্চ ২০২৪ মাধ্যমে প্রাপ্ত ১৭ মার্চ ২০২৪ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েস্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা/সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প/সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়ককে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প/সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রজেক্ট, ঢাকা/বাংলাদেশ সড়ক নিরাপত্তা প্রকল্প, ঢাকা/চট্টগ্রাম-কক্সবাজার হাইওয়ে ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-১।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প, ঢাকা/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্লামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, ........................ (সকল)।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, ...................... (সকল)।

সংযুক্তি: বর্ণনামতে।

13/03/24

(মোঃ জাহাংগীর আলম)
পরিচিতি নং-৬০১৯১৫
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।